

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১১, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ২৭ অগ্রহায়ণ ১৪১৪ বাৎ/১১ ডিসেম্বর ২০০৭ খ্রিঃ

নং ৩৬ (মুঃ প্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২১ অগ্রহায়ণ, ১৪১৪ বাৎ/০৫ ডিসেম্বর, ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

২০০৭ সনের ৩৬ নং অধ্যাদেশ

Islamic University (Amendment) Act, 2006 এর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু, নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Islamic University (Amendment) Act, 2006 (২০০৬ সনের ৪৩ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু, সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এর দফা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—(১) এই অধ্যাদেশ Islamic University (Amendment) (Amendment) Ordinance, 2007 নামে অভিহিত হইবে।

(২) ইহা ২৬ আশ্বিন ১৪১৩ মোতাবেক ১১ অক্টোবর ২০০৬ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। ২০০৬ সনের ৪৩নং আইনের দ্বারা ১২ এর সংশোধন।—Islamic University (Amendment) Act, 2006 (২০০৬ সনের ৪৩ নং আইন) এর দ্বারা ১২ এর উপ-ধারা (৩) এর পর নিম্নরূপ উপ-ধারা (৩ক) ও (৩খ) সন্নিবেশিত হইবে, যথাঃ—

“(৩ক) উপ-ধারা (২) এর বিধান সত্ত্বেও, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন ২০০৫-২০০৬ শিক্ষাবর্ষে ফাজিল ও কামিল মাদ্রাসায়—

- (ক) যে সকল ছাত্র-ছাত্রী ২(দুই) বৎসর মেয়াদী কোর্সে ভর্তি হইয়াছে এবং যাহাদের পরীক্ষা ২০০৭ সনে অনুষ্ঠিত হইবে, সে সকল ছাত্র-ছাত্রীদের পরীক্ষা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক গৃহীত হইবে; এবং
- (খ) যে সকল ছাত্র-ছাত্রী ৩ (তিন) বৎসর মেয়াদী কোর্সে ভর্তি হইয়াছে সে সকল ছাত্র-ছাত্রীদের পরীক্ষা ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত হইবে;
- (গ) অধ্যয়নরত যে সকল ছাত্র-ছাত্রী দফা (ক) এর অধীন অনুষ্ঠেয় পরীক্ষায় অকৃতকার্য হইবে, সে সকল ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশনের মেয়াদ কার্যকর থাকা সাপেক্ষে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক পরীক্ষা গৃহীত হইবে।

“(৩খ) যে সকল ছাত্র-ছাত্রী ২০০৬-২০০৭ ও ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে ভর্তি হইয়াছে, সে সকল ছাত্র-ছাত্রীদের স্নাতক ডিগ্রী প্রদানের ক্ষেত্রে, ইসলামী বিশ্ববিদ্যালয় অ্যাকাদেমী কমিটি কর্তৃক নির্ধারিত বিষয় ও পদ্ধতিতে ৩০০ (তিনশত) নম্বরের ‘ফাজিল বি.এ (বিশেষ) পরীক্ষা’র ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।”।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

তারিখ : ২১ অগ্রহায়ণ ১৪১৪ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০০৭ খ্রিস্টাব্দ।

কাজী হাবিবুল আউয়াল
ভারপ্রাপ্ত সচিব।